

দেশসেরা আঞ্চলিক পত্রিকা দৈনিক পূর্বকোণ



বিজিএপিএমইএ গত ৬ ফেব্রুয়ারি বিজিএমইএ এর প্রেসিডেন্ট ফারুক হাসান, ইতালির রাষ্ট্রদূত এবং ইউরোপীয় ইউনিয়নের বাংলাদেশ প্রধানের সম্মানে চট্টগ্রাম বোট ক্লাবে এক মধ্যাহ্নভোজ ও সভার আয়োজন করে।

বোট ক্লাবে বিজিএপিএমইএ'র আয়োজনে বিজিএমইএ প্রেসিডেন্ট ও ইইউ রাষ্ট্রদূত

বিজিএমইএ প্রেসিডেন্ট, ইতালির রাষ্ট্রদূত এবং ইউরোপীয় ইউনিয়নের বাংলাদেশস্থ প্রধানের সম্মানে বাংলাদেশ গার্মেন্টস এক্সেসরিজ এন্ড প্যাকেজিং ম্যানুফেকচারার এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএপিএমইএ) এক মধ্যাহ্নভোজের আয়োজন করেছে। গত রবিবার (৬ ফেব্রুয়ারি) পতেঙ্গার বোট ক্লাবে এই অনুষ্ঠানটির আয়োজন করা হয়। এসময় বাংলাদেশ ও ইউরোপের মধ্যকার গার্মেন্টস বাণিজ্য নিয়ে গুরুত্বপূর্ণ আলোচনা করা হয়।

এতে উপস্থিত ছিলেন বিজিএমইএ'র প্রেসিডেন্ট ফারুক হাসান, ইউরোপীয়

ইউনিয়নের (ইইউ) রাষ্ট্রদূত এইচ ই চার্লস স্টুয়ার্ড হুইটলে ও ঢাকায় নিযুক্ত ইতালির রাষ্ট্রদূত এইচ ই এনরিকো নানজিয়াটা।

আরো উপস্থিত ছিলেন দি পূর্বকোণ লিমিটেডের চেয়ারম্যান জসিম উদ্দিন চৌধুরী, বিজিএপিএমইএ সভাপতি মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন মতি, বিজিএপিএমইএ প্রথম সহ-সভাপতি মোহাম্মদ বেলাল। এছাড়াও বিজিএপিএমইএ পরিচালকবৃন্দের মধ্যে ছিলেন মোহাম্মদ শহিদুল ইসলাম চৌধুরী, মো আব্দুল ওয়াজেদ, মোহাম্মদ ইকবাল পারভেজ ও মো এনামুল হক। বিজ্ঞপ্তি